

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাউনিয়া, রংপুর।
www.kaunia.rangpur.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.৮৫৪২.০০০.০৩.০১৯.১৮- ১৭

তারিখঃ ১০ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ
২৩ জানুয়ারি ২০১৮খ্রিঃ

বিষয় : ১৪২৫ বাংলা সনের হাট-বাজার ইজারা দরপত্র বিজ্ঞপ্তি।

বিজ্ঞপ্তি নং- ০১/২০১৮খ্রিঃ

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কাউনিয়া উপজেলাধীন নিম্নবর্ণিত হাট-বাজারসমূহ ১৪২৫ বাংলা সনের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বছরের জন্য সিডিউলে বর্ণিত শর্ত সাপেক্ষে ইজারা বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে আগ্রহী দরদাতাদের নিকট হতে সিলগালাযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। সিডিউল ও শর্তাবলী আগামী ১৩/০২/২০১৮খ্রিঃ (১ম পর্যায়) পর্যন্ত অফিস চলাকালীন সময়ে জেলা প্রশাসক, রংপুর মহোদয়ের কার্যালয়ে (স্থানীয় সরকার শাখা), সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, কাউনিয়া, রংপুর, অফিসার ইনচার্জ, কাউনিয়া থানা, রংপুর, সোনালী ব্যাংক, কাউনিয়া শাখা, রংপুর, এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে নগদ মূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করা যাবে।

দরপত্রসমূহ আগামী ১৪/০২/২০১৮খ্রিঃ বেলা ০১:০০ ঘটিকা পর্যন্ত জেলা প্রশাসক, রংপুর মহোদয়ের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, কাউনিয়া, রংপুর এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে স্থাপিত দরপত্র বাঞ্ছে দাখিল করতে হবে। (উল্লেখ্য যে, ইজারা বিজ্ঞপ্তি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কাউনিয়া, রংপুর এর ওয়েব সাইট www.kaunia.rangpur.gov.bd এর নোটিশ বোর্ডে পাওয়া যাবে)। ঐ দিন দুপুর ০৩:০০ ঘটিকায় দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) প্রাপ্ত দরপত্রসমূহ খোলা হবে।

কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র বাতিলের ক্ষমতা নিম্নস্বাক্ষরকারী সংরক্ষণ করেন।

ক্রঃ নং	ইউনিয়নের নাম	হাট-বাজারের নাম	সরকারী মূল্য (বিগত ৩ বছরের গড় মূল্যের সাথে অতিরিক্ত ১০%)	সিডিউল মূল্য
১.	সারাই	জয়বাংলা হাট (সং)	৯৯,৬৯৬/-	৫০০/-
২.	হারাপাছ	খানসামা হাট	৮৪,৭৭,৫১৬/-	১৭,৬০০/-
		হকের হাট	১৯,১৪০/-	৫০০/-
		একতা হাট (সং)	২৫,৮৬৯/-	৫০০/-
		শিবু কেরামতিয়া হাট	১২,৯৮৭/-	৫০০/-
৩.	কুর্শা	সিঙ্গেরকুড়া হাট (সং)	৮১,৮৮৫/-	৫০০/-
		বড়ুয়াহাট	৭,০৪৮/-	৫০০/-
		ভূতছাড়া হাট	৫,৯০,৭৩৭/-	১,৮০০/-
		খামারের হাট (সং)	৮৫,৬৫৪/-	৫০০/-
৪.	শহীদবাগ	শহীদবাগ হাট	২৭,৩১৬/-	৫০০/-
		কালীরহাট (সং)	১৬,২০৬/-	৫০০/-
৫.	বালাপাড়া	তকিপল হাট	২৭,১৫,৩৫০/-	৬,২০০/-
		ভায়ারহাট (সং)	৩,২৮,৬৬১/-	১,৪০০/-
৬.	টেপামধুপুর	টেপামধুপুরহাট	৫২,৯০,২৬৬/-	১১,২০০/-
		জামতলীরহাট	৬৭,৫৬৮/-	৫০০/-

যদি কাঙ্ক্ষিত সরকারি মূল্যের নীচে কোন হাটের দরপত্র দাখিল হয়, তবে ঐ হাটের দরপত্র গৃহীত হবে না এবং কাঙ্ক্ষিত সরকারি মূল্য না পাওয়া পর্যন্ত পর্যায়ক্রমে নিম্নবর্ণিত ধার্য তারিখে সিডিউল বিক্রয় এবং বেলা ০১:০০ ঘটিকা পর্যন্ত স্থাপিত বাঞ্ছে দরপত্র গ্রহণ করা হবে। নির্ধারিত সময়ে দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দাখিলকৃত দরপত্রসমূহ খোলা হবে। উল্লেখ্য, যে সকল হাটের সরকারি/কাঙ্ক্ষিত মূল্য পাওয়া যাবে সে সকল হাটের জন্য পরবর্তী পর্যায়ে দরপত্র বিক্রয় করা হবে না।

পর্যায়	দরপত্র ক্রয়ের শেষ তারিখ	দরপত্র দাখিলের তারিখ	দরপত্র খোলার তারিখ ও সময়
১ম পর্যায়	১৩-০২-২০১৮ খ্রি.	১৪-০২-২০১৮ খ্রি. দুপুর ০১:০০ টা পর্যন্ত	১৪-০২-২০১৮ খ্রি. দুপুর ০৩:০০ টা
২য় পর্যায়	০৪-০৩-২০১৮ খ্রি:	০৫-০৩-২০১৮ খ্রি: দুপুর ০১:০০ টা পর্যন্ত	০৫-০৩-২০১৮ খ্রি: দুপুর ০৩:০০ টা
৩য় পর্যায়	১৯-০৩-২০১৮ খ্রি:	২০-০৩-২০১৮ খ্রি: দুপুর ০১:০০ টা পর্যন্ত	২০-০৩-২০১৮ খ্রি: দুপুর ০৩:০০ টা
৪র্থ পর্যায়	০৩-০৪-২০১৮ খ্রি:	০৪-০৪-২০১৮খ্রি: দুপুর ০১:০০ টা পর্যন্ত	০৪-০৪-২০১৮ খ্রি: দুপুর ০৩:০০ টা

Kalim
২৬/০১/১৮

(মোঃ ফাউজুল কবীর)
উপজেলা নির্বাহী অফিসার (অঃদাঃ)
কাউনিয়া, রংপুর।
ফোন- ০৫২২৪-৫৬০০১
unokaunia@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.৮৫৪২.০০০.০৩.০১৯.১৮- ৬২(১২০)

তারিখঃ ১০ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ
২৩ জানুয়ারি ২০১৮খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :-

- ১। মাননীয় সংসদ সদস্য ২২, রংপুর-৪।
- ২। জেলা প্রশাসক, রংপুর।
- ৩। পুলিশ সুপার, রংপুর।
- ৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, রংপুর। নির্ধারিত তারিখে তাঁর দপ্তরে দরপত্র বাস্তব স্থাপন করার বিষয়ে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।
- ৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রংপুর।
- ৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার, রংপুর (সকল)।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে :-

- ১। সহকারী কমিশনার (ভূমি), কাউনিয়া, রংপুর। নির্ধারিত তারিখে তাঁর দপ্তরে দরপত্র বাস্তব স্থাপন করার জন্য অনুরোধ করা হলো।
- ২। অফিসার ইনচার্জ, কাউনিয়া থানা। তাঁকে নির্ধারিত তারিখে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েনের জন্য অনুরোধ করা হলো।
- ৩। চেয়ারম্যান, (সকল) ইউ.পি, কাউনিয়া, রংপুর।
- ৪। উপজেলা অফিসার, কাউনিয়া, রংপুর।
- ৫। ম্যানেজার, সোনালী ব্যাংক/জনতা ব্যাংক/রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক লি:, কাউনিয়া শাখা, রংপুর।
- ৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ইউনিয়ন ভূমি অফিস, কাউনিয়া, রংপুর। তাকে বিজ্ঞপ্তি তার আওতাধীন হাট-বাজারে ঢোল-শহরতের মাধ্যমে বহুল প্রচারপূর্বক জারির রিপোর্ট প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৭। সম্পাদক,। তাঁকে বিজ্ঞপ্তি তাঁর পত্রিকায় খ্রিঃ তারিখ ০১ (এক) দিন ছোট আকারে (১২ ফন্ট) স্পষ্টভাবে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
- ৮। জনাব.....ইজারাদার ১৪২৪..... হাট-বাজার, কাউনিয়া, রংপুর।
- ৯। অফিস কপি/নোটিশ বোর্ড।

Kalim
২৬/০১/১৮

(মোঃ ফাউজুল কবীর)
উপজেলা নির্বাহী অফিসার (অঃদাঃ)
কাউনিয়া, রংপুর।
ফোন- ০৫২২৪-৫৬০০১
unokaunia@mopa.gov.bd